

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
বন্দ্র-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.motj.gov.bd](http://www.motj.gov.bd)

নম্বর-২৪.০০.০০০০.০০০.১১৫.১৮.০০২১.২৫.১৬

তারিখ: ২৩ পৌষ ১৪৩২  
০৭ জানুয়ারি ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহকারী অধ্যাপক (কারিগরি) ও অধ্যক্ষ (অ:দা:) (সাময়িক বরখাস্ত), রংপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে রংপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর এর বিরুদ্ধে ছাত্র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক আনীত অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের মাধ্যমে কৈফিয়ত তলব করা হয়; এবং

০২. যেহেতু বিভাগীয় মামলার অভিযোগনামার পরিপ্রেক্ষিতে তিনি আনীত অভিযোগের জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনের জন্য ব্যক্তিগত শুনানী দিতে আগ্রহ প্রকাশ করেন। সে প্রেক্ষিতে গত ২৯/১২/২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

০৩. যেহেতু ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি ফি হিসেবে আদায়কৃত ১৯,২০,০০০/- (উনিশ লক্ষ বিশ হাজার টাকা) এর মধ্যে ১৪,০৬,০০০/- (চৌদ্দ লক্ষ ছয় হাজার টাকা) ব্যাংকে জমা করলেও ৫,১৪,০০০/- (পাঁচ লক্ষ চৌদ্দ হাজার টাকা) নগদ হাতে রেখেছেন প্রতিষ্ঠানের বিভিন্ন প্রয়োজনে তৎক্ষণাত্‌ ব্যয় করার জন্য। এটি আর্থিক নিয়ম বহির্ভূত। প্রতিষ্ঠানের বিভিন্নখাতে বরাদ্দকৃত অর্থ ব্যাংক থেকে উত্তোলনপূর্বক বিভিন্ন প্রয়োজনে ব্যয় করেছেন যার খাতভিত্তিক বিল-ভাউচারসহ খরচের বিবরণী তদন্তকালীন সময়ে উপস্থাপন করা হয়নি। ক্যাশবইটি পরবর্তীতে প্রস্তুত করে তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করা হয়। এ বিষয়ে তার উপস্থাপিত বক্তব্য গ্রহণযোগ্য নয়; এবং

০৪. যেহেতু অধ্যক্ষ (অ:দা:) হিসেবে বিগত ০৭-০৫-২০২৪ হতে ০৩-০৮-২০২৫ সময়কালে ৬০,৬৫,৩২৩/- (ষাট লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত তেইশ টাকা) বিভিন্ন সময়ে চেকের মাধ্যমে উত্তোলনপূর্বক প্রতিষ্ঠানের বিভিন্ন প্রয়োজনে ব্যয় করেছেন কিন্তু বিল-ভাউচার নেই এ অভিযোগটি সত্য নয় মর্মে যে বক্তব্য উপস্থাপন করেন তা সঠিক নয়;

০৫. সেহেতু তদন্ত প্রতিবেদন ও অভিযোগের জবাবসহ সার্বিক বিবেচনায় জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, সহকারী অধ্যাপক (কারিগরি) ও অধ্যক্ষ (অ:দা:) (সাময়িক বরখাস্ত), রংপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮”-এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(১)(ক) অনুযায়ী লঘুদণ্ডে দণ্ডিত করে উক্ত বিধিমালার ৪(২)(খ) অনুযায়ী দুই বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করা হলো। তবে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হবেন। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

০৬. জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

০৭/০১/২০২৬

(বিলকিস জাহান রিমি)

সচিব


[চলমান পাতা-০২]

নম্বর-২৪.০০.০০০০.০০০.১১৫.১৮.০০২১.২৫. ১৩

তারিখ: ২৩ পৌষ ১৪৩২  
০৭ জানুয়ারি ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা;
০২. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
০৩. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ✓ ০৪. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, রংপুর;
০৬. জনাব মোহাম্মদ নূরুল ইসলাম, অধ্যক্ষ, রংপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর;
০৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর;
০৮. অফিস কপি।

  
সাবিহা ইয়াসমীন  
উপসচিব

ফোনঃ ৯৫১৫৫৯০

[sastextile1@gmail.com](mailto:sastextile1@gmail.com)